



এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)

SDS (Shariatpur Development Society)

বিজ্ঞপ্তি নং: ২০২৪-২০২৫.০০০.০২

তারিখ: ০৭/০৭/২০২৪ইং

নিয়োগ বিজ্ঞপ্তি


সবার জন্য বসবাস যোগ্য, ন্যায় ও সমতা ভিত্তিক এবং দারিদ্র্যমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ১৯৯২ সাল থেকে এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়ন সংস্থা হিসাবে বাংলাদেশের বিভিন্ন জেলায় উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। সংস্থার প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক অফিসার পদে নিয়োগের জন্য আগ্রহী এবং যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	: প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক অফিসার (গ্রেড-৪বি)
পদ সংখ্যা	: ০১ জন
প্রকল্পের কর্মপ্রাঙ্গণ	: প্রধান কার্যালয়, শরীয়তপুর।
বেতনভাতা ও অন্যান্য সুবিধা	: শিক্ষাবিশ্বকালে মাসিক বেতন সর্বসাকুল্যে ৩৩,৮০০ টাক এবং নিয়মিতকরণের পর বেতনভাতা ছাড়াও সংস্থার নিয়মনুযায়ী ২টি উৎসবভাতা, বৈশাখী ভাতা, বাৎসরিক ইনক্রিমেন্ট, সিপিএফ, গ্র্যাচুইটি, কর্মী কল্যাণ তহবিলসহ সংস্থার সকল প্রকার সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।
শিক্ষাগত যোগ্যতা	: যেকোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/মার্কেটিং/অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর/সমমান ডিগ্রী থাকতে হবে। এবং পিজিডিএসসিএম করা প্রার্থীদের অধিকার দেওয়া হবে।
অভিজ্ঞতা	: স্বনামধন্য যেকোন প্রতিষ্ঠানে প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক বিভাগে সর্বনিম্ন ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
অতিরিক্ত আবশ্যিক	: <ul style="list-style-type: none">● চমৎকার আন্তঃব্যক্তিক দক্ষতা এবং দলগত কাজ করার মানসিকতা থাকতে হবে।● মোটর সাইকেল চালানায় পারদর্শী ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা আবশ্যিক।● কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপে পারদর্শীসহ এমএসওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট পরিচালনায় দক্ষ হতে হবে।● প্রার্থীকে অবশ্যই স্মার্ট ফোন ব্যবহারের পারদর্শী হতে হবে।
দায়িত্ব ও কর্তব্য	: <ul style="list-style-type: none">● সংস্থার ক্রয় নীতিমালা এবং দাতা সংস্থার নির্দেশনার সাথে সম্মতি বজায় রেখে প্রয়োজনীয় পণ্য সময়মত ক্রয় ও যোগান নিশ্চিত করার জন্য সক্রিয়ভাবে কাজ করা।● ক্রয় নীতিমালার উপর স্পষ্ট ধারণা থাকা এবং নীতিমালা অনুযায়ী কার্যসম্পাদন করা।● ক্রয় আদেশ, চালান এবং ডেলিভারি নোটসহ ক্রয়কার্যক্রমের সঠিক এবং হালনাগাদ নথিপত্র রাখা।● সরকারের বর্তমান আয়কর নীতিমালার বিষয়ে সুস্পষ্ট ধারণা, বিশেষ করে কাস্টমস এবং ট্যাক্সেশন অনুসরণ করা।● সঠিক পণ্য সরবরাহকারীদের সনাক্ত করা এবং বর্তমান প্রতিযোগিতামূলক মূল্য এবং ভাল মানের পণ্য ক্রয় নিশ্চিত করা।● প্রতিনিয়ত বাজার মূল্যায়ন করা।● সর্বোত্তম সম্ভাব্য মূল্যে পণ্য ও পরিষেবা নিশ্চিত করতে সরবরাহকারীদের সাথে যোগাযোগ রাখা।● সংস্থার চাহিদা অনুযায়ী অন্যান্য বিভাগের সাথে সমন্বয় সাপেক্ষে ক্রয় প্রতিবেদন, বাজেট প্রণয়ন ও অন্যান্য সহায়তা করা।● ক্রয় কমিটির নির্দেশনা অনুযায়ী ক্রয় কার্যক্রম পরিচালনা করা।● সংস্থার সম্পদের সুরক্ষার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং ঝুঁকি ব্যবস্থাপনা কৌশল অনুসরণ করা।● ক্রয় নীতিমালার উপর ভিত্তি করে সম্ভাব্য সরবরাহকারী/বিক্রেতাদের কাছ থেকে কোটেশন সংগ্রহ করা।● সময়মত ক্রয় কার্যক্রম সম্পাদনের জন্য সংস্থা, দাতা সংস্থা এবং সরবরাহকারীদের সাথে যোগাযোগ বিকাশ করা।● সরবরাহকারী/বিক্রেতাদের তালিকাভুক্ত করা এবং প্রয়োজ্য ক্ষেত্রে চুক্তিবদ্ধ করা।● উর্ধ্বতন কর্মকর্তার নির্দেশিত যে কোন দায়িত্ব পালন করা।● অনুমোদন সাপেক্ষে সংস্থার ওয়্যার হাউজ থেকে মালামাল সরবরাহ করা এবং ডকুমেন্ট সংগ্রহ করা।● অনুমোদন বিহীন যে কোন ক্রয় কার্যক্রম থেকে বিরত থাকা।
বয়স	: সর্বোচ্চ ৪০ বছর (অভিজ্ঞ সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য।)
আবেদন পাঠানোর ঠিকানা এবং যোগাযোগের নম্বর	: এসডিএস প্রধান কার্যালয়, সদর রোড, শরীয়তপুর-৮০০০, বাংলাদেশ ০২৪৭৮৮১৫৪০৫, ০২৪৭৮৮১৫৪০৬ এবং ০১৩২৫-০৬০২০৩
ই-মেইল	: recruitmentsdsbd@gmail.com
আবেদন পাঠানোর শেষ তারিখ	: ১৭ জুলাই, ২০২৪ইং

আগ্রহী প্রার্থীদের সংস্থার নির্বাহী পরিচালক বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্রের নম্বর, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে এবং ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে।

চাকুরী প্রার্থীর প্রত্যন্ত গ্রামাঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে। আবেদনপত্র বাছাই পূর্বক যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ জানানো হবে। নিয়োগ সম্পর্কিত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

“নারী ও শিশু নির্ধাতন এবং যৌন হয়রানির সাথে সম্পৃক্ত কোন ব্যক্তিকে এসডিএস সমর্থন করে না”


উপ-পরিচালক
মানব সম্পদ বিভাগ, এসডিএস।

☎ 02478815405, 02478815406

Sadar Road, Shariatpur, Post Code-8000, Bangladesh. Phone : +88-0601-61654, Fax : +88-0601-61534
web : www.sdsbd.org, e-mail : info@sdsbd.org, sds.shariatpur@gmail.com
Reg. No. Social Welfare: Shari-77/92, NGO Affairs Bureau: 794/93, Microcredit Regulatory Authority: 03074-04616-00229